# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-২৩; তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রিঃ।

## সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র মাঠ পর্যায়ের দপ্তরসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর সূচক ১.২ অনুযায়ী **বাপাউবো'র জোন/অঞ্চলের প্রধান প্রকৌঃ/ অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণের অংশগ্রহণে বাপাউবো'র আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪ খ্রিঃ) সভা** আগামী ২১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখ রবিবার বিকাল ৩.০০ ঘটিকায় পানি ভবনের লেভেল-৫ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন ; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। উক্ত সভায় বিতরন তালিকায় বর্ণিত সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

১৮/০১/২৪

**(মোঃ ওয়াহিদ হোসেন)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,
বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি(Citizen Charter)

**বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-**

প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ; কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/দক্ষিণাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/উত্তরপশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল,বাপাউবো,ঢাকা/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা/বরিশাল/ফরিদপুর/খুলনা/রাজশাহী/রংপুর।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-২৩(৪); তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রিঃ।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ**

০১. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।
০৩. ব্যক্তিগত সহকারী ,অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
০৪. অফিস কপি/মাষ্টার কপি।

১৮/০১/২৪

**(মোঃ মঈনুল ইসলাম)**
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**বিগত ২১ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাপাউবো'র জোন/অঞ্চলসমূহের প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ গণের অংশগ্রহনে বাপাউবোর আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ৩য় ত্রৈমাসিক সভা ২০২৩-২৪ এর কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ২১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | পানি ভবন সম্মেলনক্ষ (লেভেল ৫) |
| উপস্থিতি | সংযুক্তি ০১ সদয় দ্রস্টব্য। |

সভার শুরুতে সভাপতি মহোদয় আমন্ত্রিত প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী মহোদয়দের সভায় স্বাগত জানান এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের বাপাউবো'র জোন/অঞ্চলসমূহের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। এসময় তিনি উপস্থিত সকল জোন/অঞ্চল প্রধানগণকে তাদের নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং তা জোন/অঞ্চলের ওয়েবসাইটে প্রদর্শন/আপলোডের ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। অতঃপর প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক তাঁর অঞ্চলে গৃহীত কার্যক্রমসমূহের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। এসময় বাপাউবো'র সিটিজেন চার্টার বিষয়ক লিফলেট উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদপূর্বক হালনাগাদের তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর থেকে আগত কর্মকর্তাগণ এই বিষয়ে একমত পোষন করেন। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১। ১ম ও ২য় ত্রৈমাসিকের ধারাবাহিকতায় অদ্য ৩য় ত্রৈমাসিকেও বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদপূর্বক হালনাগাদের তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

২। বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে দপ্তর এবং তাদের আওতাধীন দপ্তর তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদপূর্বক দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করবে এবং নির্ধারিত সময়ের মধ্যে তা জোন/অঞ্চলের ওয়েবসাইটে আপলেড করবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪-০১-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;

২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো) এবং

৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

২৪-০১-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CC inspection meeting 3rd qurter 23-24 Attendance

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

বাপাউবো'র জোন/অঞ্চলের প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণের অংশগ্রহণে বাপাউবো'র আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) সভা ২০২৩-২৪ খ্রিঃ।

তারিখ ঃ ২১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ।

স্থান ঃ পানি ভবন সম্মেলনকক্ষ (লেভেল-৫; রুম নং ৫০৭); ৭২, গ্রীন রোড, ঢাকা ১২০৫।

## হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মো: ওয়াহিদ হোসেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা | [signature] |
| মো: জহিরুল ইসলাম প্রধান প্রকৌশলী | উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী | [signature] |
| মো: জাহিদ হোসেন অতি: প্রধান প্রকৌশলী, | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা | [signature] |
| মো: শাহজাহান সিরাজ অতি: প্রধান প্রকৌশলী | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর। | [signature] |
| মো: মাহবুবর রহমান প্রধান প্রকৌশলী | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | [signature] |
| মুন্সী [illegible] অতি: প্রধান প্রকৌশলী | উত্তর-পূর্বাঞ্চল বাপাউবো, সিলেট | [signature] |
| তারিক এ. [illegible] অতিরিক্ত প্রধান প্রকৌশলী | প্রকল্প পরিচালক, ৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী খাল ও জলাশয় পুন: খনন প্রকল্প | [signature] |
| মো: আসাদুজ্জামান প্রধান [illegible] | কেন্দ্রীয় অঞ্চল | [signature] |
| মজিবুর রহমান প্রধান প্রকৌশলী | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল | [signature] |
| মজিবুর রহমান প্রধান প্রকৌশলী (অ:দা:) | দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা | [signature] |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |